দৈনিক বাংলা

তারিখ ... 11 JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# চাঁদপুরে ছাত্র সংঘর্ষে ২৫ জন আহত ঃ গ্রেফতার ৪ ঃ কলেজ বন্ধ

।। নিজস্ব সংবাদদাতা ।।

চাঁদপুর, ১০ই জুলাই।– আজ চাঁদপুর সরকারী কলেজে দুই দল ছাত্রের মধ্যে সংঘর্ষের পরিপ্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ তিনদিনের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

আজ সকালে কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ (শা–অ) ও জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে নির্বাচনী প্রচারকে কেন্দ্র করে সংঘর্ষ বাধে। সংঘর্ষ পরে শহরে ছড়িয়ে পড়ে। এই সংঘর্ষে ২৫ জন আহত হয়। আহতদের মধ্যে জেলা ছাত্র দলের আহবায়ক শরীফ মোহাম্মদ ইউনুসকে চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে। এছাড়া দুই–জনকে চাঁদপুর সদর হাসপাতালে ভর্তি ও ১১ জনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়।

আগামী ২২শে জুলাই অনুষ্ঠিতব্য কলেজ ছাত্র সংসদ নির্বাচন উপলক্ষে প্রতিদিনই নির্বাচনী মিছিল বের হয়।

(৫–এর পৃঃ দ্রঃ)

**চাঁদপুরে** (প্রথম পৃঃ পর)

আজ এই নির্বাচনী মিছিলের এক পর্যায়ে দুই দলের মধ্যে সংঘর্ষ বেধে যায়।

পুলিশ এব্যাপারে ৪ জনকে গ্রেফ–তার করেছে।

115